**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-09-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নেশামুক্ত ত্রিপুরা গঠনে যুবসমাজকে  আহ্বান জানিয়েছেন।**

**(২) আগামীকাল রাজ্যে তৃতীয় জাতীয় লোক আদালত বসবে।**

**(৩) নয়াদিল্লিতে আগামীকাল থেকে শুরু হচ্ছে ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলন।**

**(৪) জরায়ুমুখের ক্যানসার প্রতিরোধের ক্ষেত্রে বড় সাফল্য অর্জন করেছে ভারত।**

**(৫) জে.সি.স্মৃতি লিগ ক্রিকেটে আজ জয় পেল জয়নগর ক্রিকেট ক্লাব।**

***********************

**CM–Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নেশামুক্ত ও নতুন ত্রিপুরা গঠন করার লক্ষ্যে যুবসমাজকে আরও বেশি করে সমাজ কল্যাণমূলক কাজের সঙ্গে যুক্ত হওয়ার আহ্বান জানিয়েছেন। আজ আগরতলায় এন.এস.আর.সি.সি–তে রক্তদান শিবিরে উদ্বোধনী ভাষণে তিনি এই আহ্বান জানান। তিনি বলেন, স্বেচ্ছা রক্তদান হল মানবিকতার অন্যতম নিদর্শন, যা সমাজে ইতিবাচক পরিবেশ সৃষ্টি করে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, পদ্মশ্রী দীপা কর্মকার। শিবিরে ১০০ জন স্বেচ্ছায় রক্তদান করেন। অনুষ্ঠানে রাজ্যের প্রাক্তন ফুটবলার ও ক্রীড়া প্রশিক্ষক বিমল কুমার রায়চৌধুরীকে সংবর্ধনা জানানো হয়। মুখ্যমন্ত্রী আজ

এন.এস.আর.সি.সি-তে নেতাজী সুভাষ চন্দ্র বসু ও স্বামী বিবেকানন্দের মর্মর মূর্তির আবরণ উন্মোচন করেন।

***************************

**Dengue-Kthalia :**

সিপাহীজলা জেলার কাঠালিয়া সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন উত্তর মহেশপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় ডেঙ্গির সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি যাচ্ছেন। বাড়িঘর ও আশপাশের এলাকায় এডিস মশার বংশবৃদ্ধির অনুকূল পরিবেশ রয়েছে কিনা, বিশেষ করে কোথাও জমা জল রয়েছে কিনা, তা খতিয়ে দেখছেন চিকিৎসক সহ MPS, MPW সহ স্বাস্থ্যকর্মীরা। তারা বাড়িঘর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়েও জনগণকে পরামর্শ দিচ্ছেন। উল্লেখ্য, গত অগাস্ট মাস থেকে এখনো পর্যন্ত উত্তর মহেশপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় মোট ৩০ জনের শরীরে ডেঙ্গির সংক্রমণ ধরা পড়েছে।

***************************

**Lok Adalat :**

আগামীকাল সারা দেশের সঙ্গে রাজ্যেও এবছরের তৃতীয় জাতীয় লোক আদালত বসবে। আজ রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব বেদ প্রতিম দেববর্মা জানিয়েছেন, ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত প্রাঙ্গণে লোক আদালত বসবে। জাতীয় লোক আদালতে মোটর দুর্ঘটনায় ক্ষতিপূরণ, বৈবাহিক বিরোধ সংক্রান্ত মামলা, ব্যাংক ঋণ পরিশোধ সংক্রান্ত মামলা সহ বিভিন্ন ধরনের মামলা নিস্পত্তির জন্য তোলা হবে। ত্রিপুরা হাইকোর্টে একটি লোক আদালত বেঞ্চ বসবে।

*****************************

**Package Story-Mustard Oil :**

আগরতলা শহরের বুকে ব্যানার্জি পাড়া এলাকায় গড়ে উঠেছে ঘানিতে সর্ষের তেল নিষ্কাশনের একটি ইউনিট। চলতি বছরের এপ্রিল থেকে আজ পর্যন্ত স্বাস্থ্যকর খাবার, সুস্থ জীবনের ভাবনাকে মাথায় রেখে গড়া ইউনিট ভালই সাড়া পাচ্ছে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC######

***************************

**Tea Export :**

রাজ্য থেকে প্রায় ১৬ মেট্রিকটন উন্নত মানের চা ইউরোপে রপ্তানির উদ্দেশ্যে পাঠানো হল। ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ জানান, এই চা দুর্গাবাড়ি সহ মোহনপুর মহকুমার বিভিন্ন বাগান থেকে সংগ্রহ করা হয়েছে। আজ চা রপ্তানির সূচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্তে।

*****************************

**Block Level Review Meeting :**

স্বচ্ছ ভারত মিশন ও বিকশিত ভারত-রোজগার ও আজীবিকা মিশন-গ্রামীণ প্রকল্পের কাজকর্ম সঠিক সময়ে ও স্বচ্ছতার সঙ্গে সম্পন্ন করার নির্দেশ দিয়েছেন দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি। আজ সাতচাঁন্দ ব্লকে এক পর্যালোচনা বৈঠকে জেলাশাসক এই নির্দেশ দেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**BRICS :**

দু'দিনব্যাপী ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলন আগামীকাল থেকে নয়াদিল্লির ভারত মণ্ডপমে শুরু হচ্ছে। এই সম্মেলনে সভাপতিত্ব করবে ভারত। ২০২৬ সালে ভারতের ব্রিকস সভাপতিত্বের মূল ভাবনা—"সংকট মোকাবিলার সক্ষমতা, উদ্ভাবন, সহযোগিতা ও স্থায়িত্বের জন্য গঠন"। উন্নয়ন, প্রযুক্তি, স্থায়িত্ব এবং বিশ্ব দক্ষিণের স্বার্থকে সামনে রেখে ব্রিকসকে আরও কার্যকর ও সমাধানমুখী মঞ্চ হিসেবে গড়ে তোলাই ভারতের লক্ষ্য।

সম্মেলনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পাশাপাশি ব্রিকসের সদস্য ও অংশীদার দেশগুলির রাষ্ট্রপ্রধানরা অংশ নেবেন। সম্মেলনের প্রথম দিনে সদস্য দেশগুলির মধ্যে আন্তর্জাতিক শাসনভার ও বহুপাক্ষিকতা শক্তিশালী করার বিষয়ে আলোচনা হবে। রাষ্ট্রপ্রধানরা ভারত মণ্ডপমে প্রদর্শনী পরিদর্শন, বৃক্ষরোপণ কর্মসূচি এবং প্রধানমন্ত্রীর নৈশভোজে অংশ নেবেন।

দ্বিতীয় দিনে ব্রিকস সদস্য, অংশীদার দেশ ও আমন্ত্রিত অতিথিদের নিয়ে অন্তর্ভুক্তিমূলক আন্তর্জাতিক প্রবৃদ্ধি, স্থিতিস্থাপকতা, উদ্ভাবন, সহযোগিতা ও স্থায়িত্ব নিয়ে বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হবে। সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিভিন্ন রাষ্ট্রনেতার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন।

**********************************

**Modi-Putin :**

১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলনের প্রাক্কালে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৈঠকে রাজনীতি, অর্থনীতি, প্রতিরক্ষা, জ্বালানি, মহাকাশসহ বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতার অগ্রগতি পর্যালোচনা করেন দুই নেতা। পশ্চিম এশিয়া ও কৃষ্ণসাগর অঞ্চলের সংঘাত সহ বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়েও মতবিনিময় হয়। প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, সংঘাতের সমাধানের একমাত্র পথ সংলাপ ও কূটনীতি এবং শান্তি প্রচেষ্টায় ভারত সহযোগিতা করতে প্রস্তুত।

##### BYTE- PM ######

দুই নেতা ভারতে প্রথমবার আয়োজিত রাশিয়ার আন্তর্জাতিক শিল্প প্রদর্শনী ‘ইনোপ্রম ইন্ডিয়া’ পরিদর্শন করেন। ভারত-রাশিয়ার ‘বিশেষ ও অগ্রাধিকারপ্রাপ্ত কৌশলগত অংশীদারিত্ব’ আরও সুদৃঢ় করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন তাঁরা। বৈঠক শেষে ২৪তম ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী মোদীকে রাশিয়া সফরের আমন্ত্রণ জানান প্রেসিডেন্ট পুতিন। প্রধানমন্ত্রী সেই আমন্ত্রণ গ্রহণ করেছেন। প্রধানমন্ত্রী মোদী প্রেসিডেন্ট পুতিনকে তামিল কবি ও দার্শনিক তিরুভল্লুভারের ‘তিরুক্কুরাল’-এর রুশ অনুবাদ উপহার দেন। ব্রিকস সম্মেলনের ফাঁকে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান এবং জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গেও প্রধানমন্ত্রী মোদীর পৃথক বৈঠক হওয়ার কথা রয়েছে।

****************************

**Bank Strike :**

ব্যাঙ্কে পাঁচ দিনের কর্মদিবস চালু-সহ একাধিক দাবিতে সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ধর্মঘট পালন করা হয়। ব্যাঙ্ক কর্মী-অফিসারদের সাতটি ইউনিয়নের যৌথ মঞ্চ ইউনাইটেড ফোরাম অফ ব্যাঙ্ক ইউনিয়নস এই ধর্মঘট আহ্বান করে। ফোরামের রাজ্য আহ্বায়ক সঞ্জয় দত্ত বলেন, কর্মীদের কাজের চাপ কমানো এবং কর্মজীবন ও ব্যক্তিগত জীবনের

মধ্যে ভারসাম্য বজায় রাখার স্বার্থে সপ্তাহে পাঁচ দিন ব্যাংকিং পরিষেবা চালু করা প্রয়োজন।

******************************

**HPV vaccinations :**

জরায়ুমুখের ক্যানসার প্রতিরোধের ক্ষেত্রে বড় সাফল্য অর্জন করেছে ভারত। জাতীয় এইচ.পি.ভি টিকাকরণ অভিযানের আওতায় এখনও পর্যন্ত দেশে ৮০ লক্ষের বেশি এইচপিভি টিকার ডোজ দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০২৬ সালের ফেব্রুয়ারিতে এই টিকাকরণ অভিযানের সূচনা করেন। স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, চারটি রাজ্যে ১০০ শতাংশ টিকাকরণ হয়েছে। এই রাজ্যগুলি হল গুজরাট, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ ও মিজোরাম। টিকাকরণের পর পার্শ্বপ্রতিক্রিয়া সামলাতে প্রতিটি স্বাস্থ্য কেন্দ্রে ২৪ ঘন্টার চিকিৎসা ব্যবস্থা রাখা হয়েছে।

*****************************

**J.C.Cricket :**

টি.সি.এ পরিচালিত জে.সি.স্মৃতি লিগ ক্রিকেট প্রতিযোগিতার দ্বিতীয় রাউন্ডের খেলায় আজ এমবিবি স্টেডিয়ামে জয়নগর ক্রিকেট ক্লাব সংহতি ক্লাবকে হারিয়েছে। নরসিংগড়ের টি.আই.টি মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ও ব্লাড মাউথ ক্লাবের অপর ম্যাচটি ড্র হয়েছে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় উত্তর, ধলাই, ও ঊনকোটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল

৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রী সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ১৯.২ মিলিমিটার।

******************************